রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১২, ২০১৭

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৩—২৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৯—৩৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—১১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৭—৬৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**

**এডিবি-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ০৯.৫২২.০২৪.০১.০০.০০৭.২০১৬.২৫২**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন IDCOL কর্তৃক বাস্তবায়িতব্য Third Public-Private Infrastructure Development Facility (PPIDF-III)-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্ন-বর্ণিত প্রতিনিধিদল গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (ক) | ড. জীবন রঞ্জন মজুমদার, প্রধান, এডিবি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | দলনেতা |
| (খ) | জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য |
| (গ) | জনাব সারোয়ার হোসেন, যুগ্ম পরিচালক, বাংলাদেশ ব্যাংক। | সদস্য |
| (ঘ) | জনাব আবু দাইয়ান মোহাম্মদ আহসানউল্লাহ, সিনিয়র সহকারী সচিব (অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)। | সদস্য |
| (ঙ) | ড. খালেদা পারভীন, সিনিয়র সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| (চ) | জনাব মাহমুদ মালিক, নির্বাহী পরিচালক এণ্ড সিইও, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল)। | সদস্য |
| (ছ) | জনাব জহিরুল ইসলাম, সহকারী প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | সদস্য |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৮ নভেম্বর ২০১৬ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশনের প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবিকুননাহার শারমীন**
সহকারী প্রধান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ অক্টোবর ২০১৬ খ্রিঃ

**নং আর-৬/৪ডি-০৯/২০১৪-৩২৩**—জনাব রবীন্দ্রনাথ বিশ্বাস, সাব-রেজিস্ট্রার, মঠবাড়িয়া, পিরোজপুর (সাবেক সাব-রেজিস্ট্রার, মোড়লগঞ্জ, বাগেরহাট) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি অনুযায়ী রুজুকৃত ০৯/২০১৪ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হুসাইন মুহাম্মদ ফজলুল বারী**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-৩ (শুল্ক)**

**অর্থ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.০৭(অংশ-১).৫৫৮**— বি.সি.এস (কাস্টমস এন্ড এক্সসাইজ) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সদস্য (টেকনিক্যাল), কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা দুর্নীতি দমন কমিশন কর্তৃক গ্রেফতার হওয়ায় গ্রেফতার হওয়ার তারিখ অর্থাৎ ১৬-১০-২০১৬ তারিখ থেকে তাঁকে সরকারি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো ।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

---

**বিচার শাখা-৭**

**আইন ও বিচার বিভাগ**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ, ৩ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৫২/৮৩-৬০১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মোস্তাফা কামাল, পিতা মৃত মোঃ সামসুজ্জামান, মাতা মৃত রোকেয়া বেগম, গ্রাম রামাইনন্দী, ডাকঘর খাসহাওলা, উপজেলা পলাশ, জেলা নরসিংদী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার পলাশ উপজেলার গজারিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ১ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৩২/২০১৬-৬৩০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং আদেশ) এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে নীলফামারী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরকার, পিতা জনাব আব্দুল হানিফ সরকার (বিএসসি)-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সকার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-২৩/২০১৬-৬৩১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং আদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে দিনাজপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ শফিজুর রহমান, পিতা জনাব মোঃ ফজলুর রহমান-কে সমগ্র বাংলাদেশের অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সকার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আদেশ পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
## বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা-২ শাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ২৭.০০.০০০০.০৮২.০১৪.০৩.২০১১.৩৬৬**—বিদ্যুৎ বিভাগের অভিন্ন রেট সিডিউল হালনাগাদ করার জন্য রেট সিডিউল রিভিউ কমিটি নিম্নরূপভাবে পুর্নগঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ।

**সদস্য-সচিব**

২। মহাপরিচালক, পাওয়ার সেল।

**সদস্যবৃন্দ**

৩। সদস্য (পিএন্ডডি), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪। নির্বাহী পরিচালক (প্রকৌশল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ।

৫। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

৬। প্রধান প্রকৌশলী (উৎপাদন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

৭। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

৮। প্রধান প্রকৌশলী (সিস্টেম অপারেশন), পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ।

৯। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি (ন্যূনতম তত্ত্বাবধায়ক প্রকৌশলী পর্যায়ের।

১০। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি (ন্যূনতম তত্ত্বাবধায়ক প্রকৌশলী পর্যায়ের)।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) কমিটি বিদ্যমান Schedule of Rates পর্যালোচনা করে হালনাগাদ প্রস্তাব প্রণয়ন করবে। কমিটি প্রয়োজনে কোনো আইটেম অন্তর্ভুক্তি বা অবলুপ্ত করতে পারবে;

(খ) Schedule of Rates নবায়নকালে সমশ্রেণিভুক্ত কাজের ক্ষেত্রে অন্যান্য সংস্থা বা বিভাগের Schedule of Rates পর্যালোচনা করতে এবং আমলে নিতে পারবে;

(গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। কমিটি আগামী **১** মাসের মধ্যে Schedule of Rates এর প্রস্তাব প্রণয়ন করে বিদ্যুৎ বিভাগে দাখিল করবে।

৪। বর্ণিত বিষয়ে অভিন্ন রেট সিডিউল হালনাগাদ করার জন্য বিদ্যুৎ বিভাগের ২০-০৪-২০১১ তারিখের ২৭.০৮২.১৪০.০০.০০.০৩.২০১১.৯১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত কমিটি বিলুপ্ত বলে গণ্য হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রজ্ঞাপনটি জারি করা হলো।

**মুহাম্মদ চিশতী আশেক**
সহকারী প্রধান।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
### প্রজ্ঞাপন

তারিখ, ২২ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৯.০০.০০০০.০০৯.০৭১.১৯.১৬-৫৯৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের তহবিল পরিচালন সংক্রান্ত বিধি প্রণয়নের জন্য নির্দেশিত হয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

১। জনাব মোহাম্মদ আবদুল মাননান, অতিরিক্ত সচিব (বিঃ প্রঃ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

৩। জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্ম-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। জনাব মোঃ আমিনুল ইসলাম খান, যুগ্ম-সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জনাব কবিরুল ইজদানী খান, যুগ্ম-সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। বেগম সুলতানা নাসিরা খান, যুগ্ম-সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। জনাব এবিএম আবদুল ফাত্তাহ, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। বেগম সৈয়দা আনোয়ারা বেগম, সদস্য, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা।

৯। জনাব মোঃ সামসুল আলম, পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

১০। পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

১১। ড. মোঃ গোলাম মোস্তাফা, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

১২। জনাব মোঃ মিজানুর রহমান, প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) বঙ্গবন্ধু ফেলোশিপ প্রকল্প, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা।

২। **কর্মপরিধি ঃ**

কমিটি আগামী ০৩ (তিন) সপ্তাহের মধ্যে খসড়া বিধি প্রণয়নপূর্বক উপস্থাপন করবে।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৩৩.০১.০০০০.১১৮.০৬.০০১.০৯(অংশ-১)-৬৫০—ডেইরী শিল্পের উন্নয়ন, ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, গবেষণা ও ডেইরী শিল্পে উদ্যোক্তা সৃষ্টি-বিনিয়োগে উৎসাহ প্রদানসহ ডেইরী শিল্প স্থাপনে প্রয়োজনীয় সুযোগ সুবিধা সৃষ্টি ও সহায়তা দান এবং প্রাণিসম্পদ ও ডেইরী বিষয়ক সরকারি, বেসরকারি এবং যৌথ কারবারী প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধি তথা আমিষের চাহিদা পূরণের মাধ্যমে খাদ্য নিরাপত্তা, দারিদ্র বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নসহ সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে গত ৩০-১২-২০০৮ তারিখের ৫১.১৭. ৩০.০০.০০.০৮.২০০৮-৪৯৯/১(২৭) নং স্মারক এবং এ মন্ত্রণালয় হতে গত ০৫-০৪-২০১২ তারিখের মপ্রাম/প্রাস-২/বাঃডেঃউঃকোঃ/ ০১/২০০৯/১২৭ নং স্মারকে গঠিত বাংলাদেশ ডেইরী উন্নয়ন কাউন্সিল (Bangladesh Dairy Development Council) নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো ঃ

**চেয়ারপার্সন**

(১) মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণারয়

**ভাইস চেয়ারপার্সন**

(২) মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(৩) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

(৫) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(৬) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৭) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(৮) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৯) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(১০) সচিব, ভূমি মন্ত্রণালয়

(১১) ডীন, পশু পালন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

(১২) ডীন, পশু চিকিৎসা অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।

(১৩) দুগ্ধ খামারীদেও ১ জন প্রতিনিধি (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)।

(১৪) দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিসমূহের ১ জন প্রতিনিধি (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত)।

(১৫) পরিচালক, ব্র্যাক ডেইরী, ব্র্যাক সেন্টার, ৫, মহাখালী, ঢাকা।

(১৬) চীফ এক্সিকিউটিভ অফিসার, প্রাণ ডেইরি, প্রাণ-আর এফএল সেন্টার

(১৭) চেয়ারম্যান, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা)

(১৮) লাইভস্টক ও ডেইরী উন্নয়নখাতে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে নিয়োজিত জাতীয় পর্যায়ের এনজিওসমূহের ১ জন প্রতিনিধি (এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক মনোনীত)।

(১৯) লাইভস্টক/ডেইরীখাতে নিয়োজিত জাতীয় পর্যায়ের এনজিওসমূহের ১ জন প্রতিনিধি (এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক মনোনীয়ত)।

(২০) সভাপতি, কনজ্যুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ

**সদস্য-সচিব**

(২১) মুখ্য নির্বাহী কর্মকর্তা Executive Committee of the Bangladesh Dairy Development Council (ECBDDC)

২। কাউন্সিলের কার্যপরিধি ঃ

Bangladesh Dairy Development Council (BDDC) সরকারি, বেসরকারি পর্যায়ে দেশে ডেইরি শিল্পের সাথে সংশ্লিষ্ট সকল কার্যক্রমের সর্বোচ্চ কর্তৃপক্ষ (apex body) হিসেবে নিম্লোক্ত কার্যাদি সম্পাদন করবে ঃ

২.১ দেশের ডেইরি শিল্পের বিকাশ ও উন্নয়নে জাতীয় নীতিমালা ও Bangladesh Dairy Development Council আইন প্রণয়ন, অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ;

২.২ জাতীয় পশুসম্পদ উন্নয়ন নীতিমালা ২০০৭ এর নিরিখে কর্মপরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন পরিবীক্ষণ;

২.৩ দেশে ডেইরী শিল্পের সাথে সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সম্পূরকতার ভিত্তিতে সমতা আনয়ন/সুষমকরণ/সমন্বয়সাধন নিশ্চিত করার জন্য নীতিমালা প্রণয়ন, কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ;

২.৪ ডেইরী শিল্পের বিকাশ ও উন্নয়ন সহায়ক বাণিজ্য নীতি প্রণয়নে সুপারিশ প্রদান;

২.৫ ডেইরী শিল্পের সহায়ক শুল্ক ও কর কাঠামো নিরূপণ সুপারিশ প্রদান;

২.৬ দুধ ও মাংসের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে রপ্তানী বাণিজ্যেও সম্ভাব্য সুযোগ গ্রহনের লক্ষ্যে দীর্ঘ, মধ্য ও স্বল্পমেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ।

২.৭ উৎপাদনকারী ও ভোক্তার স্বার্থ বিবেচনায় রেখে দুধ ও মাংসের মূল্য নির্ধারণ ও সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা নিশ্চিতকরণে দিক নির্দেশনা প্রদান;

২.৮ সমবায়ভিত্তিক বৃহৎ, মাঝারী ও ক্ষুদ্র আকারের খামার সংগঠিত করার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি বিশেষতঃ মহিলাদের কর্মসংস্থানকে অগ্রাধিকার দিয়ে নীতি ও পরিকল্পনা প্রণয়ন;

২.৯ ডেইরী পণ্যের উৎপাদন ও বাজারজাতকরণে ঋণ কাঠামো (credit system) সুসংহতকরণ সম্প্রসারণে সুপারিশ প্রদান;

২.১০ ডেইরী শিল্প সহায়ক backward এবং forward linkage শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে বাজার অবকাঠামো সুসমন্বয়ে নীতিমালা প্রণয়ন এবং তার বাস্তবায়ন পরিবীক্ষণ;

২.১১ ডেইরী শিল্পের উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা ও গবেষণা ফলাফলের ভিত্তিতে সম্প্রসারণ কর্মসূচী গ্রহণের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ণ ও তার বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান;

২.১২ ডেইরী শিল্প সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ, বিতরণ এবং তদুদ্দেশ্যে ডাটা ব্যাংক (Data Bank) স্থাপন;

২.১৩ ডেইরী শিল্পের উন্নয়ন ও প্রসারে উদ্বুদ্ধকরণ ও জনসচেতনতা সৃষ্টিমূলক প্রচারণা কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান;

২.১৪ পশু স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও সেবার কর্মপরিধি সম্প্রসারণের লক্ষ্যে নীতি ও পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান;

২.১৫ উন্নত প্রজনন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের পশু সম্পদের জাত ও মান উন্নয়ন এবং তা সংরক্ষণের নীতি ও পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান;

২.১৬ ডেইরী শিল্প সংশ্লিষ্ট উন্নত ব্যবস্থাপনা ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে দিক নির্দেশনা প্রদান;

২.১৭ গোখাদ্য উৎপাদনে জাতীয়ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন দিক নির্দেশনা প্রদান;

২.১৮ গোখাদ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় গোচারণ ভূমি সংরক্ষণ ও সম্প্রসারণে ভূমি ব্যবহারের নীতিমালা প্রণয়নের সুপারিশ প্রদান;

২.১৯ ডেইরী শিল্পের উপজাত পণ্যের সর্বোচ্চ ও বহুমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন কৌশল নির্ধারণ;

২.২০ ডেইরী শিল্পের উন্নয়নে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে জাতীয়ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান;

২.২১ ডেইরী শিল্পের বিকাশ ও উন্নয়নে নির্বাহী কমিটিকে নির্দেশনা প্রদান এবং কাউন্সিলের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তদারকি; এবং

২.২২ ডেইরী শিল্পের উন্নয়নে উপরিউক্ত কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোনো পদক্ষেপ গ্রহণ ও সরকার কর্তৃক নির্দেশিত অপরাপর দায়িত্ব পালন।

৩। **নির্বাহী কমিটি ঃ**

Bangladesh Dairy Development Council (BDDC) এর কার্যপরিধিতে বর্ণিত নীতিমালা ও কর্মপরিকল্পনা/কার্যাবলি বাস্তবায়নে একটি Executive Committee (নির্বাহী কমিটি) থাকবে যা Executive Committee of the Bangladesh Dairy Development Council (ECBDDC) নামে অভিহিত হবে। (ECBDDC) এর গঠন নিম্নরূপ ঃ

**চেয়ারপার্সন**

(১) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**কো-চেয়ারপার্সন**

(২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

**সদস্যবৃন্দ**

(৩) সদস্য (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড

(৪) মহাপরিচালক-১, (প্রধানমন্ত্রীর কার্যালয়)

(৫) যুগ্মসচিব (সমবায়) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(৬) যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

(৭) যুগ্মসচিব (বাজেট), অর্থ মন্ত্রণালয়

(৮) যুগ্মসচিব (আমদানী), বাণিজ্য মন্ত্রণালয়

(৯) যুগ্মসচিব (আইন), ভূমি মন্ত্রণালয়

(১০) নিবন্ধক, সমবায় অধিদপ্তর

(১১) নির্বাহী পরিচালক (MCRA, DCMPS, FIM, CIB), বাংলাদেশ ব্যাংক।

(১২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

(১৩) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান।

(১৪) পশু পালন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর প্রতিনিধি (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত অধ্যাপক পদমর্যাদার নীচে নহে)।

(১৫) পশু চিকিৎসক অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত-অধ্যাপক পদমর্যাদার নীচে নহে)।

(১৬) দুগ্ধ খামারীদের ১ জন প্রতিনিধি (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)।

(১৭) দুগ্ধ উৎপদানকারী সমবায় সমিতিসমূহের ১ জন প্রতিনিধি (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত)।

(১৮) পরিচালক, ব্র্যাক ডেইরী, ব্র্যাক সেন্টার, ৫, মহাখালী, ঢাকা।

(১৯) চীফ এক্সিকিউটিভ অফিসার, প্রাণ ডেইরী, প্রাণ-আর এফএল সেন্টার।

(২০) চেয়ারম্যান, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা)

(২১) লাইফস্টক ও ডেইরী উন্নয়নখাতে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে নিয়োজিত জাতীয় পর্যায়ের এনজিওসমূহের ১ জন প্রতিনিধি (এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক মনোনীত)।

(২২) লাইভস্টক/ডেইরীখাতে নিয়োজিত জাতীয় পর্যায়ের এনজিওসমূহের ১ জন প্রতিনিধি (এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক মনোনীত)।

(২৩) কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর সাধারণ সম্পাদক।

**সদস্য-সচিব**

(২৪) মুখ্য নির্বাহী কর্মকর্তা, Executive Committee of the Bangladesh Dairy Development Council (ECBDDC) ।

৪। **নির্বাহী কমিটির কর্মপরিধি ঃ**

৪.১ কাউন্সিল কর্তৃক প্রণীত/প্রণীতব্য, গৃহীত/গৃহীতব্য আইন, বিধিমালা, নীতিমালা, কর্মপরিকল্পনা, সুপারিশ, দিকনির্দেশনা ইত্যাদি প্রণয়নে সহায়তা এবং এগুলোর বাস্তবায়নে নিশ্চিত করা এবং চাহিদামতে এতদসম্পর্কিত অগ্রগতি কাউন্সিলের নিকট উপস্থাপন করা; এবং

৪.২ কাউন্সিল তার উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুচারুরূপে পালনের জন্য কর্মপরিধিতে বর্ণিত নাই এমন কোনো নির্দেশনা প্রদান করলে নির্বাহী কমিটি কর্তৃক তা পালন করা।

৬। **অন্যান্য কমিটি ঃ**

কাউন্সিল/নির্বাহী কমিটি তার কর্মপরিধি বাস্তবায়নের প্রয়োজনে ওয়ার্কিং গ্রুপ/টাস্ক ফোর্স/ সাব-কমিটি গঠন করতে পারবেন।

৭। **সচিবালয় ঃ**

(ক) বাংলাদেশ ডেইরী ডেভেলপমেন্ট কাউন্সিল ও নির্বাহী কমিটির কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য সরকার যেরূপ উপযুক্ত মনে করবে, সেরূপ পর্যাপ্ত জনবল ও আর্থিক সংস্থানসহ একটি সচিবালয় গঠন করবে।

(খ) সচিবালয় গঠন না করা পর্যন্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কাউন্সিল ও নির্বাহী কমিটির সচিবালয়ের দায়িত্ব পালন করবে।

(গ) কাউন্সিল/নির্বাহী কমিটি/নির্বাহী কমিটির সচিবালয় প্রয়োজনীয় জনবল, বাজেট বরাদ্দসহ অর্থ ও বিভিন্ন উপকরণ সংগ্রহের জন্য আইনানুগ যে কোনো ব্যবস্থা এবং যে কোনো সংস্থা থেকে সহায়তা গ্রহণ করতে পারবে।

(ঘ) ECBDPC সচিবালয়ের মুখ্য নির্বাহী কর্মকর্তা উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে যোগ্যতার মাপকাঠিতে কাউন্সিল কর্তৃক নিয়োজিত হবেন এবং যার পদমর্যাদা হবে ন্যূনতম যুগ্মসচিব। মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতাদি কাউন্সিল নির্ধারণ করবে। তিনি সচিবালয়ের নির্বাহী প্রধান হবেন।

৮। **সভা ঃ**

কাউন্সিল প্রতিবছর কমপক্ষে ০২ (দুই) বার এবং নির্বাহী কমিটি কমপক্ষে ০২ (দুই) মাস অন্তর একবার সভায় মিলিত হবে।

৯। **অডিট ঃ**

(ক) কাউসিলের আয়-ব্যয় মহাহিসাব নিরীক্ষা দপ্তর/ অনুমোদিত চার্টার্ড একাউন্টেন্ড কর্তৃক নিরীক্ষিত হবে এবং নিরীক্ষা প্রতিবেদন নিয়মিতভাবে সরকারের নিকট পেশ করতে হবে।

(খ) সরকার প্রয়োজনে মহা হিসাব নিরীক্ষা দপ্তরকে কাউন্সিল ও নির্বাহী কমিটির আয়-ব্যয় নিরীক্ষা করার নিদের্শ প্রদান করতে পারবে।

১০। **রির্পোট দাখিল ঃ**

নির্বাহী কমিটি প্রতি অর্থ বছর শেষে তার বার্ষিক কর্মকাণ্ডের বিষয়ে কাউন্সিলের নিকট প্রতিবেদন পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০৪৮.১১.০০৮.১৪-১৮৫**—ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীনে বাস্তবায়নাধীন Technical Assistance to Dhaka Transport Coordination Authority (DTCA) প্রকল্পের গ্রেড-৯ ভুক্ত কর্মকর্তা ও গ্রেড-১১ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মচারীদের নিয়োগের লক্ষ্যে নিম্নরূপ ২টি নিয়োগ কমিটি গঠন করা হলো ঃ

**গ্রেড-৯ ভুক্ত কর্মকর্তা নিয়োগ কমিটি**

**সভাপতি**

১। নির্বাহী পরিচালক, ডিটিসিএ

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৩। যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় এর যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৫। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৬। বাংলাদেশ সরকারী কর্মকমিশনের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

৭। বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিইসি) বিভাগ এর একজন বিশেষজ্ঞ প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৮। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ

**গ্রেড-১১ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মচারী নিয়োগ কমিটি**

**সভাপতি**

১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি), ডিটিসিএ

**সদস্যবৃন্দ**

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৩। উপসচিব, (ডিটিসিএ ও ডিএমটিসি) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৪। বাংলাদেশ সরকারী কর্মকমিশনের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৫। আরবান প্লানার, ডিটিসিএ

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(ক) সংশ্লিষ্ট নিয়োগ কমিটি ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতায় বাস্তবায়নাধীন Technical Assistance to Dhaka Transport Coordination Authority (DTCA) প্রকল্পে যথাক্রমে গ্রেড-৯ ভুক্ত ও গ্রেড-১১ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দরখাস্ত আহ্বান এবং উপযুক্ত প্রার্থী বাছাইপূর্বক নিয়োগের জন্য সরকারের নিকট সুপারিশ পেশ করবে;

(খ) শূন্যপদ পূরণের ক্ষেত্রে কমিটি সরকারি বিধি-বিধান, কোটা ও সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপঙ্কর মন্ডল**
উপসচিব।

## তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৬ অক্টোবর ২০১৬/১১ কার্তিক ১৪২৩

নং **৩৫.০০.০০০০.০২৮..২৭.০২০.১৫-২৯৬**—যেহেতু জনাব মোঃ আশরাফুল ইসলাম প্রাং (পরিচিতি নং ৬০২১৬২), উপ-বিভাগীয় প্রকৌশলী, উল্লাপাড়া সড়ক উপ-বিভাগ, সিরাজগঞ্জ-এর সরাসরি তদারকিতে ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর- বগুড়া-রংপুর- বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (বাঘাবাড়ি-চান্দাইঘোনা অংশ) (এন-৫) এর ৩৩.৮৩৫ কিলোমিটার এবং এলেঙ্গা-নলকা-হাটিকামরুল (এন-৪০৫) মহাসড়কের ৪.৫৬০ কিলোমিটার সর্বমোট ৩৮.৩৯৫ কিলোমিটার মহাসড়কে ২০১৪-২০১৫ অর্থবছরে পিএমপি (সড়ক) কর্মসূচির আওতায় Double Bituminous Surface Treatment (DBST) কাজ সম্পন্ন করা হয়; এবং

যেহেতু সামান্য বৃষ্টিতে মহাসড়ক ২টি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে জনভোগান্তি সৃষ্টি করেছে মর্মে সিরাজগঞ্জ সড়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মনিটরিং টিম-২২ গত ০৫-০৭-২০১৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সচিত্র প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, কাজের চুক্তিবদ্ধ ঠিকাদার M/S. Orient Trading and Builders Ltd (OTBL) কাজটি নিজে সম্পাদন না করে অন্য একজন ঠিকাদারকে দিয়ে সম্পাদন করিয়েছে, যা অবৈধ ও অনৈতিক। এ বিষয়ে মূল ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেননি। উল্লেখ্য যে, বিবেচনাধীন কাজ গত ৩০-০৬-২০১৫ তারিখ মাত্র সম্পন্ন হয়েছিল এবং এজন্য ১৫.৯৮ কোটি টাকা ব্যয় করা হয়েছে; এবং

যেহেতু উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে কাজ সরাসরি তদারকি করা তাঁর প্রধান দায়িত্ব। কিন্তু কাজের গুণগতমান বজায় রেখে সরকারি দায়িত্ব পালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এতে বিপুল পরিমাণ সরকারি অর্থেরও অপচয় হয়েছে; এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২২/২০১৫ রুজু করা হয়; এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি গত ২০-০৮-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ১৩-০৯-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু তাঁর লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব অপূর্ব কুমার মণ্ডল-কে গত ২২-০৯-২০১৫ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ২৩-০৩-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে উত্থাপিত অভিযোগ সন্দেহতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে অভিমত ব্যক্ত করেন; এবং

যেহেতু তদপ্রেক্ষিতে সুনির্দিষ্ট কতিপয় বিষয় স্পষ্টীকরণসহ পুনরায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সরাসরি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৬(২) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা জনাব অপূর্ব কুমার মন্ডল-কে গত ১৯-০৫-২০১৬ তারিখ অনুরোধ করা হয়; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা গত ২৮-০৭-২০১৬ তারিখ পুন:তদন্ত প্রতিবেদন দাখিল করে একই অভিমত ব্যক্ত করেন। ফলে তদন্ত প্রতিবেদন এবং পুন:তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তার অভিমত অনুযায়ী উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

সেহেতু এক্ষণে, জনাব মোঃ আশরাফুল ইসলাম প্রাং (পরিচিতি নম্বর ৬০২১৬২), উপ-বিভাগীয় প্রকৌশলী, উল্লাপাড়া সড়ক উপ-বিভাগ, সিরাজগঞ্জ-কে বিভাগীয় মামলা নম্বর ২২/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮..২৭.০২২.১৫-২৯৮**—যেহেতু জনাব মোঃ আব্দুস সবুর (পরিচিতি নম্বর ৫০০৪৮০), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), সড়ক উপ-বিভাগ-২, রাঙ্গামাটি (প্রাক্তন সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক বিভাগ, এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-২, সিরাজগঞ্জ এর অতিরিক্ত দায়িত্বে) থাকাকালীন তাঁর সরাসরি তত্ত্বাবধানে ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (বাঘাবাড়ী-চান্দাইঘোনা অংশ) (এন-৫) এর ৩৩.৮৩৫ কিলোমিটার এবং এলেঙ্গা-নলকা-হাটিকামরুল (এন-৪০৫) মহাসড়কে ৪.৫৬০ কিলোমিটার সর্বমোট ৩৮.৩৯৫ কিলোমিটার মহাসড়কে ২০১৪-২০১৫ অর্থবছরে পিএমপি (সড়ক) কর্মসূচির আওতায় উপ-বিভাগ-২ এর অধীনে ৫.৯৭ কোটি টাকার Double Bituminous Surface Treatment (DBST) কাজ সম্পন্ন করা হয়; এবং

যেহেতু সামান্য বৃষ্টিতে মহাসড়ক ২টি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে জনভোগান্তি সৃষ্টি করেছে মর্মে সিরাজগঞ্জ সড়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মনিটরিং টিম-২২ গত ০৫-০৭-২০১৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সচিত্র প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, কাজের চুক্তিবদ্ধ ঠিকাদার M/S. Orient Trading and Builders Ltd (OTBL) কাজটি নিজে সম্পাদন না করে অন্য একজন ঠিকাদারকে দিয়ে সম্পাদন করিয়েছে, যা অবৈধ ও অনৈতিক। এ বিষয়ে মূল ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেননি। উল্লেখ্য যে, বিবেচনাধীন কাজ গত ৩০-০৬-২০১৫ তারিখ মাত্র সম্পন্ন হয়েছিল এবং এজন্য মোট ১৫.৯৮ কোটি টাকা ব্যয় করা হয়েছে; এবং

যেহেতু তিনি গত ২৮-১০-২০১৪ তারিখ হতে অদ্যাবধি উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-২, সিরাজগঞ্জ এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে কাজ সরাসরি তদারকি করা তাঁর প্রধান দায়িত্ব। কিন্তু কাজের গুণগতমান বজায় রেখে সরকারি দায়িত্ব পালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এতে বিপুল পরিমাণ সরকারি অর্থেরও অপচয় হয়েছে; এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২৭/২০১৫ রুজু করা হয়; এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি গত ১০-০৯-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ না করায় ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়নি; এবং

যেহেতু তাঁর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের সিনিয়র সহকারী সচিব মোছাম্মাৎ ফারহানা রহমান-কে গত ২৭-০৩-২০১৫ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ২৭-০৪-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে উত্থাপিত অভিযোগ সন্দেহতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে অভিমত ব্যক্ত করেন; এবং

যেহেতু তদ্‌প্রেক্ষিতে সুনির্দিষ্ট কতিপয় বিষয় স্পষ্টীকরণসহ পুনরায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৬(২) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা মোছাম্মাৎ ফারহানা রহমান-কে গত ১৯-০৫-২০১৬ তারিখ অনুরোধ করা হয়; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা গত ২৮-০৭-২০১৬ তারিখ পুন:তদন্ত প্রতিবেদন দাখিল করে একই অভিমত ব্যক্ত করেন। ফলে তদন্ত প্রতিবেদন এবং পুন:তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তার অভিমত অনুযায়ী উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

সেহেতু এক্ষণে, জনাব মোঃ আব্দুস সবুর (পরিচিতি নম্বর ৫০০৪৮০), উপ-বিভাগীয় প্রকৌশলী (চ:দা:), সড়ক উপ-বিভাগ-২, রাঙ্গামাটি (প্রাক্তন সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক বিভাগ এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ-২, সিরাজগঞ্জ এর অতিরিক্ত দায়িত্বে)-কে বিভাগীয় মামলা নম্বর ২৭/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০২১.১৫-২৯৭**—যেহেতু জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ (পরিচিতি নম্বর ০০৬০০৮), নির্বাহী প্রকৌশলী, পিরিয়ডিক মেইনটেনেন্স বিভাগ-১, ঢাকা (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক (বিভাগ) এর সরাসরি তত্ত্বাবধানে ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা মহাসড়ক (বাঘাবাড়ী-চান্দাইঘোনা অংশ) (এন-৫) এর ৩৩.৮৩৫ কিলোমিটার এবং এলেঙ্গা-নলকা-হাটিকামরুল (এন-৪০৫) মহাসড়কের ৪.৫৬০ কিলোমিটার সর্বমোট ৩৮.৩৯৫ কিলোমিটার মহাসড়কে ২০১৪-২০১৫ অর্থবছরে পিএমপি (সড়ক) কর্মসূচির আওতায় ৩.৯৮ কোটি টাকার (Double Bituminous Surface Treatment (DBST) কাজ সম্পন্ন করা হয়। পূর্ববর্তী নির্বাহী প্রকৌশলী জনাব আহসান উদ্দিন আহমেদ এর সরাসরি তত্ত্বাবধানে ১২.০০ কোটি টাকার কাজ করা হয়। নির্বাহী প্রকৌশলী হিসেবে কাজের গুণগতমান স্পেসিফেকেশন অনুযায়ী হচ্ছে কিনা তা সরেজমিনে নিশ্চিত করার দায়িত্ব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২১-১০-২০১৪ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.০৭.১১১.১৪-৬১৩ সংখ্যার স্মারক মারফত তাঁকে প্রদান করা হয়; এবং

যেহেতু সামান্য বৃষ্টিতে মহাসড়ক ২টি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে জনভোগান্তি সৃষ্টি করেছে মর্মে সিরাজগঞ্জ সড়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মনিটরিং টিম-২২ গত ০৫-০৭-২০১৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সচিত্র প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, কাজের চুক্তিবদ্ধ ঠিকাদার M/S. Orient Trading and Builders Ltd (OTBL) কাজটি নিজে সম্পাদন না করে অন্য একজন ঠিকাদারকে দিয়ে সম্পাদন করিয়েছেন, যা অবৈধ ও অনৈতিক। এ বিষয়ে মূল ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো পদক্ষেপও গ্রহণ করেননি। উল্লেখ্য যে, বিবেচনাধীন কাজ গত ৩০-০৬-২০১৫ তারিখ মাত্র সম্পন্ন হয়েছিল এবং এজন্য মোট ১৫.৯৮ কোটি টাকা ব্যয় করা হয়েছে; এবং

যেহেতু নির্বাহী প্রকৌশলী হিসেবে কাজ তত্ত্বাবধান করা তাঁর প্রধান দায়িত্ব এবং উপরন্তু এ বিষয়ে সুনির্দিষ্ট ও সুস্পষ্ট সরকারি নির্দেশনা রয়েছে। তদ্‌সত্ত্বেও কাজের গুণগতমান বজায় রেখে সরকারি দায়িত্বপালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এতে বিপুল পরিমাণ সরকারি অর্থেরও অপচয় হয়েছে; এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২৩/২০১৫ রুজু করা হয়; এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোনো উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোনো কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

